

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	
আইসিটি শাখা	
প্রোগ্রামার	উন্নয়ন ব্যুরো
সহকারী প্রোগ্রামার	
সহকারী প্রোগ্রামার	
অন্যান্যঃ	
ডায়েরী নং-	তারিখ-
স্বাক্ষরঃ	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
উন্নয়ন অধিশাখা-১৪  
www.mohpw.gov.bd

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০৪৯.৩২.০৬৫.১৬- ২৪

তারিখ: মাঘ ১৪২৬  
ফেব্রুয়ারি ২০২০

বিষয়: তেজগাঁও শিল্প এলাকার প্লট নং ২৬১/এ, ২৬১/বি এর ২ (দুই) বিঘা বিশিষ্ট প্লটের আম-মোক্তার গ্রহীতার প্রাপ্য অংশ আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লি., পান্থপথ শাখা, ঢাকা এর নিকট বন্ধক রাখার বিষয়ে মন্ত্রণালয়ের অনাপত্তি প্রদান।

সূত্র: জনাব সামা ই-জাহির, চেয়ারম্যান (প্লট মালিকের নিযুক্তীয় আম-মোক্তার) এর ১২/০১/২০২০ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ আবেদনের প্রেক্ষিতে তেজগাঁও শিল্প এলাকার প্লট নং ২৬১/এ, ২৬১/বি এর ২ (দুই) বিঘা বিশিষ্ট প্লটের আম-মোক্তার গ্রহীতার প্রাপ্য অংশ ৪০% আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড, পান্থপথ শাখা, ঢাকা এর নিকট নিম্নোক্ত শর্তে বন্ধক রাখার অনাপত্তি নির্দেশক্রমে প্রদান করা হলো:

**শর্তাদি:**

- (১) লিজ দলিলের সকল ধারা, উপ-ধারা পক্ষগণ মেনে চলতে বাধ্য থাকবে;
- (২) কোনো কারণে ঋণ গ্রহীতা প্রতিষ্ঠান ঋণ প্রদানে ব্যর্থ হলে ঋণ প্রদানকারী ব্যাংক এ সম্পত্তি বা এর কোনো অংশের বিষয়ে কোনো সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষেত্রে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের পূর্বানুমোদন গ্রহণ করবে। এছাড়া ঋণ অনাদায়ে আইনানুযায়ী পদক্ষেপ গ্রহণের বিষয়ে এ মন্ত্রণালয়কে অবহিত রাখতে হবে;
- (৩) Mortgage Deed এবং পরিশোধের পর Deed of Redemption এর সার্টিফাইড কপি মন্ত্রণালয়ে দাখিল করতে হবে;
- (৪) কোনো তথ্য গোপন করে ঋণ গ্রহণ করলে আবেদনকারী প্রতিষ্ঠান/ঋণ গ্রহণকারী প্রতিষ্ঠান দায়ী থাকবে এবং মন্ত্রণালয়/মন্ত্রণালয়ের কোন কর্মকর্তাকে দায়ী করা যাবে না ;
- (৫) তেজগাঁও শিল্প এলাকার বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগের স্যুয়ামোটো রুল নং ৪০/২০১২ এর যে কোনো আদেশ প্লট মালিক ও ঋণ প্রদানকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান মেনে নিতে বাধ্য থাকবে;
- (৬) বন্ধকের বিনিময়ে লব্ধ অর্থ দ্বারা এ প্লটের শিল্প প্রতিষ্ঠানের উন্নয়ন/সংস্কার কাজ করতে হবে; এবং
- (৭) ঋণ প্রদান এবং আদায়ের ক্ষেত্রে এ মন্ত্রণালয়ের কোনো দায়ভার থাকবে না।

*(স্বাক্ষর)*

(ফেরদৌস ওয়াহিদ)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৪৫৩৬৭  
section14mohpw@gmail.com

জনাব সামা ই-জাহির  
চেয়ারম্যান (প্লট মালিকের নিযুক্তীয় আম-মোক্তার)  
মীর রিয়েল এস্টেট লিমিটেড  
প্লট নম্বর ২৬১/এ, ২৬১/বি  
তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০৪৯.৩২.০৬৫.১৬- ২৪/১ (৬)

তারিখ: ৩০ মাঘ ১৪২৬  
১৩ ফেব্রুয়ারি ২০২০

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে):

- ১। নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-৩, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। সাব-রেজিস্ট্রার, তেজগাঁও, রেজিস্ট্রেশন কমপ্লেক্স, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র ভাইস প্রেসিডেন্ট এন্ড ম্যানেজার, আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড, পান্থপথ শাখা, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। জনাব সাদেক হোসেন চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক, মাল্টিড্রাইভ লিমিটেড, প্লট নম্বর ২৬১/এ, ২৬১/বি, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
- ৬। অফিস কপি/মাস্টার কপি।

*(স্বাক্ষর)*  
(ফেরদৌস ওয়াহিদ)  
সিনিয়র সহকারী সচিব